গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রকল্প অধিশাখা
(www.cabinet.gov.bd)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১২.২৫.০০২.২১.(৩).৩০

তারিখ: ১১ মাঘ ১৪২৭ / ২৫ জানুয়ারি ২০২১

**বিষয়: অর্পিত ক্রয় ও সরাসরি ক্রয় পদ্ধতি, আর্থিক বিধিবিধান ও আর্থিক ক্ষমতা অর্পণ ইত্যাদির বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন সংক্রান্ত।**

মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৪ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় আলোচ্যসূচি মোতাবেক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত):

**আলোচ্যসূচি-০১: অর্পিত ক্রয় (Delegated Procurement) এবং সরাসরি ক্রয় (Direct Procurement):**

০১। অর্পিত ক্রয় (Delegated Procurement)-এর ক্ষেত্রে 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮'-এর বিধি -১২ সঠিকভাবে অনুসরণ করতে হবে। যে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ে expertise আছে সে প্রতিষ্ঠানকেই কেবল ক্রয়কার্য delegate করা যাবে;

০২। বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমানবাহিনী কর্তৃক কোন কাজ সম্পাদনের ক্ষেত্রে সশস্ত্র বাহিনী বিভাগের মাধ্যমে তা প্রক্রিয়াকরণ করতে হবে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে;

০৩। যে সকল পণ্য কোন একক উৎপাদনকারী কর্তৃক বিক্রয় করা হয় সে সকল পণ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র আহ্বানের প্রয়োজন নেই। তবে পিপিআর-এর তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশ গ্রহণ করতে হবে।

**আলোচ্যসূচি-০২: আর্থিক বিধিবিধান এবং আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Power):**

০১। সরকারের সকল প্রকার প্রাপ্তি/আয় আবশ্যিকভাবে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে এবং বাজেট বরাদ্দ ব্যতীত কোন অর্থ ব্যয় করা যাবে না;

০২। Rate Schedule বৃদ্ধি করার পূর্বে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে;

০৩। অর্থ বিভাগের অনুমোদন ব্যতিরেকে কোন ব্যয় করা হলে অর্থ বিভাগ কর্তৃক ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হবে না;

০৪। সরকারের পরিচালন ও উন্নয়ন ব্যয় উভয় ক্ষেত্রেই অর্থ বিভাগের Delegation of Financial Power আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে;

০৫। মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (এমটিবিএফ) আওতায় সকল মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট Envelop-এর উপর ভিত্তি করে মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবগণ নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে প্রত্যয়ন প্রদান ও প্রকল্পে অর্থ বরাদ্দের প্রস্তাব করবে।

**আলোচ্যসূচি-০৩: প্রকল্পের ফিজিবিলিটি এবং ডিজাইনের যথার্থতা যাচাইকরণ:**

০১। প্রকল্পের সম্ভাব্যতা যাচাই তৃতীয় পক্ষ (3rd Party)-এর মাধ্যমে করতে হবে;

০২। বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা যাচাই করার সীমা ৫০ (পঞ্চাশ) কোটি টাকা থেকে বৃদ্ধি করে ১১। (একশত) কোটি টাকা করা যেতে পারে, তবে ১০০ (একশত) কোটি টাকা পর্যন্ত প্রকল্পের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান সম্ভাব্যতা যাচাই করতে পারে। ১০০ কোটি টাকার উর্ধ্বের প্রকল্পের ক্ষেত্রে বাইরের প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা যাচাই করতে হবে;

০৩। প্রকল্পের Contractor এবং Consultant একই দেশের বা একই মালিকানা প্রতিষ্ঠানের যাতে না হয় সেটা বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নিশ্চিত করতে হবে;

০৪। প্রকল্পের সম্ভাব্যতা এবং ডিজাইনের যথার্থতা যাচাই করতে হবে এবং এর বিভিন্ন পর্যায়ে Stakeholder এবং Consultant দ্বারা Cross Check করতে হবে।

**আলোচ্যসূচি-০৪: ৩০০০ সিসি'র উর্ধ্ব ক্ষমতাসম্পন্ন গাড়ি ক্রয় সংক্রান্ত:**

০১। ৩০০০ সিসি'র উর্ধ্ব ক্ষমতাসম্পন্ন গাড়ি ক্রয় করা যাবে না। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে।

**আলোচ্যসূচি-০৫: নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তকরণ সংক্রান্ত:**

০১। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা সকল মন্ত্রণালয়/বিভাগ আবশ্যিকভাবে পরিপালন করবে;

০২। বিনিয়োগ প্রকল্পের ক্ষেত্রে Variation যদি ১০%-১৫%-এর বেশি হয় সেক্ষেত্রে Contractor এবং Consultant-এর Opinion নিয়ে তা cross check করতে হবে। Technically Complex কার্যাবলীর ক্ষেত্রে 3rd Party-এর Expert Opinion গ্রহণ করতে হবে;

০৩। রাস্তা সম্প্রসারণের সময় যদি Utility Infrastructure স্থানান্তর করতে হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার মধ্যে Agreement বা MoU থাকতে হবে;

০৪। সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতায় Listed Contractor-দের Bid Capacity আগামী ফেব্রুয়ারির মধ্যে CPTU (Central Procurement Technical Unit) CPTU-তে প্রেরণ করবে এবং CPTU আগামী মার্চ-এর মধ্যে Website-এ তা প্রকাশ করবে।

০২। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের মধ্যে আপনার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: কার্যবিবরণী ০৮ (আট) পৃষ্ঠা।

২৫.১.২২

(উর্মি তামান্না)
উপসচিব
ফোন: ৯৫৭১০৪০
ইমেইল: pro_sec@cabinet.gov.bd
মন্ত্রিপরিষদ বিভাগ।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
০২। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
০৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ
০৪। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
০৫। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৬। সচিব, সেতু বিভাগ
০৭। সচিব, রেলপথ মন্ত্রণালয়
০৮। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
০৯। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
১০। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
১১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
১২। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়
১৩। সচিব, বিদ্যুৎ বিভাগ
১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
১৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
১৬। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
১৭। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন
১৮। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৯। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
২০। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
২২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর
২৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
২৪। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
২৫। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
২৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
২৭। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮১২.২৫.০০২.২১.(৩).৩০

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো):**

০১। অতিরিক্ত সচিব, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
০২। যুগ্মসচিব, প্রকল্প ও গবেষণা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
০৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

(উর্মি তামান্না)
উপসচিব